বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. শাহনাজ আরেফিন. এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ১৯ জানুয়ারি ২০২২ খ্রি. (বুধবার) |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| উপস্থিতি | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বিবিএস এর আওতায় চলমান সকল শুমারি ও জরিপের বিষয়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের অবহিত ও সম্পৃক্ত করতে হবে। **এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস বিভাগীয়, জেলা ও উপজেলা কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করবেন।**

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব রেজাউল আযম ফারুকী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোনো প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmed) হয়। অতঃপর তিনি সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে এডিপিভুক্ত ১২টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৮৯২৫৬.০২ (দুই হাজার আটশত বিরানব্বই কোটি ছাপান্ন লক্ষ দুই হাজার) লক্ষ টাকা, এডিপিতে বরাদ্দ ১৪২১২৩.০০ (এক হাজার চারশত একুশ কোটি তেইশ লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত ব্যয় ২৫ কোটি ৯৫ লক্ষ ১৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১.৮২%। অন্যদিকে এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি (নভেম্বর পর্যন্ত) ১৮.৬১%।

৩। এ পর্যায়ে উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতি তুলে ধরেন। অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| **ক্রঃনং** | **প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ** | **আলোচনা** | **গৃহীত সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১২৯৯ কোটি ২১ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬৪৩ কোটি ৮৫ লক্ষ ৩০ হাজার টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৫ কোটি ৬১ লক্ষ ৫৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.২০%।<br>ক) সভাপতি বলেন **জনশুমারি ও** | ক) প্রকল্প পরিচালকসহ প্রকল্পটিমকে **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের বিষয়ে গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথ পরিপালন করা ও উদ্ভুত সকল পরিস্থিতি এ বিভাগের সচিবসহ সংশ্লিষ্ট উইং/শাখায় তাৎক্ষণিক স্বপ্রণোদিতভাবে অবহিত করার বিষয়ে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ভবিষ্যতে এ বিষয়ে কোন শিথিলতা গ্রহণযোগ্য হবে** | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গৃহগণনা-২০২১ প্রকল্পের প্রচার বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে বারংবার বলা হলেও প্রকল্প পরিচালক অদ্যাবধি তা পালন করেনি। এছাড়া প্রকল্পের সার্বিক কর্মকান্ড ও সমস্যা নিয়ে সাপ্তাহিক ভিত্তিতে এ বিভাগের সচিবকে অবহিত করতে ইতোপূর্বে কয়েকবার উন্নয়ন প্রকল্পের পর্যালোচনা সভায় সিদ্ধান্ত গৃহীত হলেও প্রকল্প পরিচালক তা পরিপালন করছেন না কেন সভাপতি তার ব্যাখ্যা দিতে বলেন। প্রকল্প পরিচালক উভয় বিষয়ে কোনো গ্রহণযোগ্য ব্যাখা দিতে না পারায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।<br>খ) সভাপতির জিজ্ঞাসার জবাবে প্রকল্প পরিচালক জানান এ অর্থ-বছরে মূল শুমারি করতে না পারলে পূনারায় জোনাল অপারেশন করতে হবে, আবার এ অর্থ বছরে করলেও ১ টি সংক্ষিপ্ত জোনাল অপারেশন করতে হবে। এপ্রসঙ্গে উপসচিব, উন্নয়ন-১ জানান এই জোনাল অপারেশন বা সংক্ষিপ্ত জোনাল অপারেশন এর জন্য DPP তে প্রয়োজনীয় সংস্থান না থাকলে DPP সংশোধনের প্রয়োজন হবে। সভাপতি আরও বলেন জোনাল অপারেশনের জন্য ডিপিপি সংশোধনের কার্যক্রমসহ যে কোনো সময় মূল শুমারি করতে হলে প্রয়োজনীয় ইনুমারেটর পাওয়া যাবে কি-না তা যাচাই করে প্রস্তুতি সম্পন্ন করা প্রয়োজন। | না মর্মে প্রকল্পটিমকে সতর্ক করা হয়। মহাপরিচালক, বিবিএস প্রকল্পের সামগ্রিক বিষয় তদারকি করে প্রকল্পের বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন।<br>খ) DPP সংশোধনসহ যেসব কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন তা পর্যালোচনা করে একটি পূর্ণাঙ্গ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে সম্পন্ন করবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প।**<br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা)।<br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩৪ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি ৪ কোটি ৫০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৩০ কোটি ২০ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ২৫ লক্ষ টাকা (জিওবি)। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩ কোটি ৩৫ লক্ষ ২৩ হাজার টাকা (জিওবি: ৭২ লক্ষ ২৭ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ২ কোটি ৬২ লক্ষ ৯৬ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯.৬৬%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের আওতায় নিয়োজিত আন্তর্জাতিক পরামর্শক ফার্ম কর্তৃক ১৫ টি Deliverable সরবরাহ করা হয়েছে, ইতোমধ্যে ১০ টি গ্রহণ করা হয়েছে এবং ৫ টি রিভিউ করা হচ্ছে। রিভিউ শেষে যথাযথ প্রক্রিয়ায় ৫ টি Deliverable গ্রহণ করা হবে।<br>খ) প্রকল্পের আওতায় User Satisfaction Survey করার নিমিত্ত প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ১৪ টি ক্যাটাগরির ইউজারকে অন্তর্ভূক্ত করার লক্ষ্যে প্রশ্নপত্র ও ম্যানুয়াল তৈরি করা হচ্ছে। এছাড়া দৈবচয়নভাবে General User কেও আন্তর্ভূক্ত করা হবে। এ বিষয়ে ব্যানবেইস ও বিআইজএম এর দুটি রিসার্চ পেপার রয়েছে, এগুলো পর্যালোচনা করা হচ্ছে।<br>গ) ২০ জন কর্মকর্তার জন্য STATA Software এর প্রশিক্ষণ চলমান। | ক) ফার্ম কর্তৃক সরবরাহকৃত Deliverable সমূহ যথাযথভাবে পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বুঝে নিতে হবে।<br>খ) User Satisfaction Survey বিষয়ে মূখ্যসচিব মহোদয়সহ অন্যান্য বিশিষ্ট/সংশ্লিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে একটি গোলটেবিল সভা করা যেতে পারে। এ থেকে সার্ভে বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা পাওয়া যাবে।<br>গ) প্রশিক্ষণের ক্ষেত্রে কার কী বিষয়ে আগ্রহ তা জেনে নিয়ে তাকে সেই বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। এতে প্রশিক্ষণের কার্যকারিতা বৃদ্ধি পাবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৩ - ডিম্বের ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন (উপসচিব)। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৯ কোটি ৫৫ লক্ষ (জিওবি: ১ কোটি ৯৭ লক্ষ টাকা, প্র.সা. ১৭ কোটি ৫৮ লক্ষ টাকা) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৮ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৩ কোটি ২৮ লক্ষ ১৩ হাজার টাকা (জিওবি: ১২ লক্ষ ৬০ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৩ কোটি ১৫ লক্ষ ৫৩ হাজার টাকা)। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৬.৭৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) NHD-MIS বিষয়ে Synergy International এর সাথে ১১/০১/২০২২ তারিখে প্রকল্পটিমের সভা হয়েছে। প্রস্তুতকৃত MIS এ বেশ কিছু ত্রুটি পরিলক্ষিত হওয়ায় NHD প্রকল্প থেকে অসন্তোষ প্রকাশ করা হয় এবং জানুয়ারি/২০২২ এর মধ্যে MIS প্রস্তুতের কাজ সম্পন্ন করতে অনুরোধ করা হয়েছে। এই বিষয়টা বিশ্বব্যাংক, DDM ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকেও অবহিত করা হয়েছে। | ক) বিশ্বব্যাংক, DDM ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ অব্যাহত রেখে জানুয়ারি/২০২২ এর মধ্যে NHD-MIS Development এর কাজ সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |
| ৪ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১)প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৭ কোটি ৮২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ১২ লক্ষ টাকা (জিওবি)। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৮ লক্ষ ৫৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.৩৭%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, ১-২০ জানুয়ারি পর্যন্ত ১ম দফায় তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে।<br>খ) ২০২২ সালে বছরব্যাপী মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হবে। এর পর প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও রিপোর্ট তৈরির জন্য সময়ের প্রয়োজন, তাই ডিপিপি সংশোধন করা প্রয়োজন। | ক) কোভিড পরিস্থিতি বিবেচনায় রেখে গ্রাম ও শহর এলাকায় তথ্য সংগ্রহ করতে হবে, যাতে কোনো প্রতিবন্ধকতা তৈরি হলেও সকল পর্যায়ের প্রতিনিধিত্ব থাকে এবং সার্ভের ফলাফলে কোনো প্রভাব না পড়ে।<br>খ) তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও রিপোর্ট তৈরির জন্য কত সময় প্রয়োজন তা পর্যালোচনা করে দ্রুত ডিপিপি সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে। সার্ভের প্রিলিমিনারি রিপোর্ট প্রকাশের তারিখ সুনির্দিষ্ট করে জানাতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদ:<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি ৫২ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২১ কোটি ৪ লক্ষ টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১ কোটি ১ লক্ষ ৪৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.২৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মূল শুমারির ৬০ টি জেলার এবং নমুনা শুমারির সকল জেলার ডেটা ক্যাপচারিং কার্যক্রম সম্পন্ন হয়েছে, রিপোর্ট তৈরির কার্যক্রম চলছে। | ক) প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম বিবেচনায় কর্মপরিকল্পনা পর্যালোচনা করতে হবে যাতে নির্ধারিত সময়ে সকল কাজ সম্পন্ন করা যায়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং<br>প্রকল্প পরিচালক |
| ৬ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project**।<br>প্রকল্পের মেয়াদ: মার্চ ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ১৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৬ লক্ষ ৯৯ হাজার টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৯ লক্ষ ৪৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬.১৭%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান। নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করা যাবে। | ক) কোভিড পরিস্থিতি বিবেচনায় রেখে প্রকল্পের কর্মপরিকল্পনা পুনরায় যাচাই করে দেখতে হবে যাতে নির্ধারিত মেয়াদে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করা যায়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID ও<br>প্রকল্প পরিচালক |
| ৭ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ৪৫ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ২২ লক্ষ ৫০ হাজার টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৫৯ লক্ষ ৮৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯.২৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান, নির্ধারিত মেয়াদে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করা যাবে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং<br>প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br>মেয়াদ: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫১ লক্ষ ৪৮ হাজার টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ১৬ লক্ষ ১৫ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৫.৬৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম শেষে ডেটা প্রক্রিয়াকরণের কার্যক্রম চলমান। শীঘ্রই রিপোর্ট তৈরির কার্যক্রম শুরু করা হবে। | ক) জরিপের রিপোর্ট চূড়ান্তকরণের পূর্বে স্টেকহোল্ডারদের সাথে একটি সভা করে মতামত গ্রহণ করতে হবে।<br>খ) চলমান অন্য যেসব জরিপ/শুমারিতে বিশেষভাবে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প এবং শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধিতা সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হবে, সেগুলো অন্তর্ভূক্ত করে জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপের একটি একীভূত রিপোর্ট প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪ কোটি ১৯ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৯ লক্ষ ৫০ হাজার টাকা। ডিসেম্বর ২০২১ পর্যন্ত ব্যয় ৬৫ লক্ষ ৭৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৫.৭০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, বছরব্যাপী তথ্য সংগ্রহ কার্যক্রমের আওতায় প্রথম কোয়ার্টারের তথ্য সংগ্রহের কাজ চলমান। CAPI পদ্ধতিতে সংগৃহীত তথ্য সার্ভারে আসছে। | ক) মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম তদারকিতে SID সহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |
| ১০ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>বেগম রেশমা জেসমিন, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) বাজেট বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরে যোগাযোগ অব্যাহত রয়েছে, প্রশ্নপত্রের খসড়া প্রণয়ন করা হয়েছে, ম্যানুয়াল তৈরির কার্যক্রম চলছে। Sampling design বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা হয়েছে। | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। NSDS প্রকল্পের আওতায় Sampling Design এর উপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাদের বিবিএস এর বিভিন্ন জরিপের Sampling Design কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) SID এবং প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১ থেকে জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>বেগম সৈয়দা মারুফা শাকি, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২১-২০২২ অর্থবছরে এডিপিতে কোন বরাদ্দ নেই। প্রকল্প পরিচালক সভায় জানান, ক) বিভিন্ন কমিটি গঠনের কার্যক্রম চলমান। প্রকল্পে প্রয়োজনীয় লোকবল পদায়ন করা হলে কর্মপরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে। | ক) প্রকল্পের DPP অনুযায়ী লোকবল পদায়ন বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID, উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), SID |

**৪। ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-তে অন্তর্ভুক্ত ও এডিপি বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ**

| ক্রঃনঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩<br>প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আব্দুল<br>হালিম, যুগ্মপরিচালক, বিবিএস। | ১৭/০১/২০২২ তারিখে প্রকল্পটি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদন লাভ করেছে। প্রশাসনিক আদেশ জারির জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | প্রকল্পটির প্রশাসনিক আদেশ দ্রুত জারি করতে হবে এবং প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে। | মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), SID এবং উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), SID |
| ২ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২১-জুন ২০২৩ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৪১ কোটি ৯৭ লক্ষ ৩৬ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস | প্রকল্পটি ১৩/০১/২০২২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক নীতিগত অনুমোদন লাভ করেছে। শীঘ্রই ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। | প্রকল্পের ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) SID, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস |
| ৩ | **অর্থনৈতিক শুমারি ২০২৩**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br>প্রস্তাবিত ব্যয়: ৬৬১ কোটি ৪ লক্ষ ২৮ হাজার টাকা<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা: জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | ২৬/১২/২০২১ তারিখ নবযোগদানকৃত সচিব মহোদয় এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়কে অবহিতকরণের জন্য আয়োজিত সভায় প্রকল্পটির বিষয়ে একটি বিস্তারিত উপস্থাপনা প্রদান করা হয়। উক্ত সভার পর্যবেক্ষণের আলোকে আগামী ০৭ দিনের মধ্যে পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণের জন্য ০২/০১/২০২২ তারিখ মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি ডিপিপি পাওয়া যায়নি। | প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | **National Population Register (NPR) Bangladesh Project**<br>প্রস্তাবিত মেয়াদ: ০১ জানুয়ারি, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ২০৬১ কোটি ২৮ লক্ষ টাকা (জিওবি : ১৭৩২ কোটি ২৮ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য : ৩২৯ কোটি টাকা)। | NPR প্রণয়ন বিষয়ে নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ মাননীয় পরিকল্পনা মন্ত্রী বরাবর ২১/১২/২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। | মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এর নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

**৫.০। বিবিধ:**

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আওতায় মাঠ পর্যায়ে পরিচালিত বিভিন্ন জরিপ/শুমারির কার্যক্রম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের পরিবীক্ষণ সংক্রান্ত।** | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আওতায় বিভিন্ন সময়ে পরিচালিত জরিপ/শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের সম্পৃক্ত করা যেতে পারে। এতে জরিপ/শুমারি কার্যক্রমের যথাযথ মনিটরিংসহ সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা যায়। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জরিপ/শুমারির মাঠ পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১/২ অধিশাখা), SID এবং সকল প্রকল্প পরিচালক |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. শাহনাজ আরেফিন. এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২০.০৬.৪৪০.১৮.১২

তারিখ: ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভায় আমন্ত্রিত কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
২) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব , প্রতিমন্ত্রীর দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৬) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

Aktu

জেসমীন আকতার
উপসচিব